


বিষয়: ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য (২৫ নম্বর) সংক্রান্ত সকল কার্যক্রম যথাসময়ে সম্পাদন।

সূত্র: এ বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) খসড়া প্রণয়ন করেছে এবং খসড়া চুক্তিটি ৩০ জুলাই ২০২০ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত চুক্তিটিতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম রয়েছে (২৫ নম্বর) যা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত। বিগত কিছু বছর ধরে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রম প্রমাণকসহ মূল্যায়ন করা হচ্ছে এবং ০৩টি শ্রেষ্ঠ মন্ত্রণালয়/বিভাগকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-তে ভালো পারফরমেন্সের জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুরস্কার প্রদান করা হচ্ছে। এ পরিপ্রেক্ষিতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রমগুলো (২৫ নম্বর) শতভাগ এবং যথাসময়ে সম্পন্ন করা আবশ্যিক (কপি সংযুক্ত, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য (২৫ নম্বর) -এর কার্যক্রমসমূহ)।

বর্ণিত অবস্থায়, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আপনার অনুবিভাগ/অধিশাখা/শাখা সংশ্লিষ্ট কার্যক্রমগুলো (২৫ নম্বর) শতভাগ এবং যথাসময়ে সম্পন্ন করে বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উত্তাবন শাখাকে প্রতিবেদন প্রেরণ/অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৯-৮-২০২০

- ১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব/উপপ্রধান (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ


মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৪৬১৫৮
ইমেইল: apa@moedu.gov.bd

ইউ. ও. নোট নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.৮১

তারিখ: ৪ ভাদ্র ১৪২৭
১৯ আগস্ট ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ


১৯-৮-২০২০
মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)